গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(দুব্য-২ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

## "আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২১ এবং সিপিপির ৫০ বছর পূর্তি উদ্‌যাপন" উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানসমূহ বাস্তবায়ন উপলক্ষে ২য় প্রস্তুতি সভার কার্যপত্র

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মোহসীন<br>সচিব<br>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ (কক্ষ নং-১০৪, ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয়) ঢাকা। |
| সভার তারিখ | : | ০৮/০৮/২০২১ খ্রি. |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকা। |

বাংলাদেশ দুর্যোগপ্রবণ দেশ। প্রতিনিয়ত আমাদেরকে দুর্যোগ মোকাবেলা করতে হয়। প্রাকৃতিক দুর্যোগ সম্পূর্ণভাবে নিয়ন্ত্রণ করা সম্ভব নয়। তবে ব্যাপক পূর্ব-প্রস্তুতি ও জনগোষ্ঠীর মাঝে সচেতনতা সৃষ্টির মাধ্যমে ক্ষয়ক্ষতির মাত্রা বহুলাংশে কমানো সম্ভব। এগুলো বিবেচনা করেই UNDRR এর সাথে সংগতি রেখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় প্রতিবছর ১৩ অক্টোবর দেশব্যাপী 'আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস' উদ্‌যাপন করে আসছে। এ বছর আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবসের মূল অনুষ্ঠানে 'সিপিপির ৫০ বছর' শীর্ষক আয়োজনসমূহ অন্তর্ভুক্ত থাকবে। 'আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২১' এবং সিপিপির ৫০ বছর পূর্তি উদ্‌যাপন অনুষ্ঠান উপলক্ষ্যে ২য় প্রস্তুতি সভা দিবসটি উদযাপনের জন্য নিম্নরুপ কর্মসূচী গ্রহণ করা যেতে পারে:

| নং | বিবেচ্য বিষয় | প্রস্তাব |
|---|---|---|
| ১. | **দিবসের প্রতিপাদ্য নির্ধারণঃ**<br>UNDRR কর্তৃক এ বছর প্রতিপাদ্য এখনও নির্ধারণ করা হয় নি। | UNDRR কর্তৃক এ বছেরর প্রতিপাদ্য নির্ধারিত হওয়ার পর তার সাথে সামঞ্জস্য রেখে বাংলা শ্লোগান তৈরি করতে হবে। |
| ২. | **প্রধান অতিথিঃ**<br>মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন অনুযায়ী দিবসটি 'খ' শ্রেণিভুক্ত বিধায় এ দিবসের কার্যক্রম উদ্বোধনের জন্য মাননীয় প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানানোর সুযোগ আছে। ২০১২, ২০১৩ ও ২০১৬, ২০১৮, ২০২০ সালে মাননীয় প্রধানমন্ত্রী দিবসের কর্মসূচি উদ্বোধন করেছিলেন। | অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিত থাকার বিষয়ে তাঁর সানুগ্রহ অনুমোদনের জন্য সার-সংক্ষেপ প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছিল এবং ৩০/০৭/২০২১ তারিখ সার-সংক্ষেপ অনুমোদিত হয়েছে। |
| ৩. | **উদ্বোধনী অনুষ্ঠানের ভেন্যুঃ**<br>অনুষ্ঠানের ভেন্যু নির্ধারণ | 'আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২১' এর উদ্বোধনী অনুষ্ঠানের জন্য 'ওসমানী স্মৃতি মিলনায়তন' টি বিনা ভাড়ায় ১৩ অক্টোবর, ২০২১ তারিখ ব্যবহারের নিমিত্ত ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে। |
| ৪ | **উদ্বোধনী অনুষ্ঠানের মঞ্চ সজ্জা, আসন বিন্যাস, ব্যানার তৈরী, শব্দ ব্যবস্থাপনা, আইসিটি সম্পর্কিত ও ইভেন্ট ব্যবস্থাপনা, গেট নির্মাণ, অতিথিদের ক্রেস্ট প্রস্তুতকরণ** উপ-কমিটিঃ-<br>মঞ্চ সজ্জা, আসন বিন্যাস, ব্যানার তৈরী, শব্দ ব্যবস্থাপনা, আইসিটি সম্পর্কিত ও ইভেন্ট ব্যবস্থাপনা, | উদ্বোধনী অনুষ্ঠানের মঞ্চ সজ্জা, আসন বিন্যাস, গেইট ডিজাইন, গেইট নির্মাণ, ব্যানার তৈরী, শব্দ ব্যবস্হাপনা, ক্রেস্ট তৈরী, মঞ্চের ফোল্ডার, আইসিটি সম্পর্কিত এবং ইভেন্ট ব্যবস্হাপনা ইত্যাদি সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এ বিষয়ে অগ্রগতি জানাতে পারেন। |

| নং | বিবেচ্য বিষয় | প্রস্তাব |
|---|---|---|
| | গেট নির্মাণ, অতিথিদের ক্রেস্ট প্রস্তুতকরণ কার্যক্রমের আলোচনা। | |
| ৫ | **ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) এর ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে কার্যক্রমসমূহ আয়োজন ও বাস্তবায়ন উপ-কমিটিঃ-**<br>ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)'র ৫০ বছর পূর্তির অনুষ্ঠান- সমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নকরণ। অনুষ্ঠানের ঢাকার বাইরের ভেন্যুসমূহে অনুষ্ঠানসমূহ ব্যবস্থাকরণ, বিভিন্ন প্রকাশনা, স্মারণিকা ও ভিডিও প্রস্তুতকরণ, সম্মাননা/পুরাস্কার প্রদানের জন্য স্বেচ্ছাসেবক/স্বেচ্ছাসেবক সংগঠক মনোনয়ন প্রদান করা এবং অন্যান্য সার্বিক কার্যক্রমে বিষয়ে আলোচনা। | অতিরিক্ত সচিব (সিপিপি), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এ বিষয়ে অগ্রগতি জানাতে পারেন। |
| ৬ | **আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রস্তুত, আমন্ত্রণপত্র তৈরি ও বিতরণ, অতিথিদের অভ্যর্থনা ও আসন বিন্যাস উপ-কমিটিঃ-**<br>সরকারী প্রটোকল ব্যবস্থাপনা অনুযায়ী সংশ্লিষ্ট সকলের নিকট অনুষ্ঠানের ৫দিন আগে আমন্ত্রিত অতিথিদের তালিকা অনুযায়ী আমন্ত্রণপত্র বিতরণ নিশ্চিতকরণ এবং অতিথিদের অভ্যর্থনার ব্যবস্থাকরণের বিষয়ে আলোচনা। | আমন্ত্রণপত্র প্রস্তুত, অতিথি আমন্ত্রণ নিশ্চিতকরণ ও প্রটোকল ব্যবস্হাপনা উপ-কমিটির আহবায়ক অতিরিক্ত সচিব (প্রশাসন) এ বিষয়ে অগ্রগতি জানাতে পারেন। |
| ৭ | **ক্রোড়পত্র প্রকাশ ও বাণীসমূহ প্রস্তুতকরণের উপ-কমিটিঃ-**<br>বিগত বছরগুলোর ন্যায় এবারও 'আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২১' উদ্‌যাপন উপলক্ষ্যে ক্রোড়পত্র প্রকাশ বিষয়ক আলোচনা। | উপ-কমিটির আহবায়ক, পরিচালক (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এ বিষয়ক অগ্রগতি জানাতে পারে। |
| ৮ | **সড়ক দ্বীপ সজ্জা, পোস্টার, লিফলেট প্রস্তুত ও বিতরণ উপ-কমিটিঃ-**<br>সচিবালয়ের চারিদিকের রাস্তাসহ বিভিন্ন সড়ক দ্বীপে রঙিন পতাকা, পোষ্টার, ফেস্টুন দ্বারা সজ্জিতকরণ এবং লিফলেট বিতরণ বিষয়ে অগ্রগতি আলোচনা। | এ উপ-কমিটির আহবায়কের কাছ থেকে পোস্টারের একটি নমুনা পাওয়া গিয়েছে।<br><br>উক্ত উপ-কমিটির আহবায়ক, পরিচালক (প্রশিক্ষণ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এ বিষয়ক অগ্রগতি জানাতে পারে। |
| ৯ | **রেডিও এবং টেলিভিশনে আলোচনা অনুষ্ঠান, গোলটেবিল বৈঠক আয়োজন এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার সংক্রান্ত উপ-কমিটিঃ-**<br>সরকারি ও বেসরকারি রেডিও ও টেলিভিশনে আলোচনা অনুষ্ঠান ও গোলটেবিল বৈঠক এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার বিষয়ক আলোচনা। | উক্ত উপ-কমিটির আহবায়ক, DRMEP-এর প্রকল্প পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এ বিষয়ে অগ্রগতি জানাতে পারে। |
| ১০ | **ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক সচেতনতা বৃদ্ধি মহড়া উপ-কমিটিঃ-**<br>হাসপাতাল এবং মার্কেট/বাজারে ভূমিকম্প ও অগ্নিকাণ্ড বিষয়ক সচেতনতা বৃদ্ধি মহড়া বিষয়ক আলোচচনা। | অতিরিক্ত সচিব (দুব্য-১), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এ বিষয়ে অগ্রগতি জানাতে পারে। |

| নং | বিবেচ্য বিষয় | প্রস্তাব |
|---|---|---|
| ১১ | **অর্থ ও বাজেট উপ-কমিটিঃ-**<br>বাজেট সংগ্রহ ও তা যথাযথভাবে খরচ নিশ্চিতকরণ বিষয়ক আলোচনা। | আহবায়ক, অতিরিক্ত সচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এ বিষয়ে অগ্রগতি জানাতে পারেন। |
| ১২ | **উপস্থাপনা, উপস্থাপনার স্ক্রিপ্ট, খসড়া বক্তব্য তৈরি ও পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ বিষয়ক উপ-কমিটিঃ-**<br>উপস্থাপনা, উপস্থাপনার স্ক্রিপ্ট, খসড়া বক্তব্য তৈরি ও পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ বিষয়ক আলোচনা। | বর্ণিত উপকমিটির আহবায়ক অতিরিক্ত সচিব (দুব্য-২), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এ বিষয়ক বাস্তবায়ন অগ্রগতি জানাতে পারেন। |
| ১৩ | **জেলা ও উপজেলা পর্যায়ে মুজিব বর্ষে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২১ উদ্‌যাপন এবং সোশ্যাল মিডিয়ায় প্রচার উপ-কমিটিঃ-**<br>স্থানীয়ভাবে জেলা উপজেলা পর্যায়ে 'আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২১' উদ্‌যাপন ও সোশ্যাল মিডিয়ায় প্রচার বিষয়ক আলোচনা। | বর্ণিত উপকমিটির আহবায়ক মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এ বিষয়ক অগ্রগতি জানাতে পারেন। |
| ১৪ | **আপ্যায়ন উপ-কমিটিঃ-**<br>অনুষ্ঠানে অংশগ্রহণকারী অতিথিবৃন্দসহ সকলকে সুষ্ঠুভাবে আপ্যায়ন বিষয়ক আলোচনা। | আহবায়ক অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এ বিষয়ক অগ্রগতি জানাতে পারেন। |
| ১৫ | **আইন শৃংখলা রক্ষা, প্রচার ও প্রেস ব্রিফিং সংক্রান্ত উপ-কমিটিঃ-**<br>আইন শৃংখলা রক্ষা, প্রচার ও প্রেস ব্রিফিং সংক্রান্ত কার্যক্রম গ্রহণকরণ বিষয়ক আলোচনা। | আহবায়ক অতিরিক্ত সচিব (প্রশিক্ষণ, সমন্বয় ও সংসদ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এ বিষয়ক অগ্রগতি জানাতে পারেন। |
| ১৬ | **বিবিধঃ** | |